



بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



PRESIDENT
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

09 Falgun 1420
21 February 2014

Message

On the occasion of the great 'Shaheed Day' and 'International Mother Language Day' I extend my sincere thanks to all the people of different languages of the world. At the same time I pay tribute to the unfading memories of the martyrs of the language movement.

The great language movement is a historic and significant event in our national history. This movement was aimed at establishing the rights of our mother tongue and side by side it was to save our ethnic entity and own culture too. Being a source of eternal inspiration the language movement later helped us to achieve the right to self-determination. We achieved our long cherished independence in 1971 through an armed struggle. On the eve of Amar Ekushey and International Mother Language Day I recall with profound reverence the memories of the language martyrs namely Barkat, Rafiq, Salam, Jabbar, Shafiur and other unknown martyrs who made supreme sacrifice. At the same time I also recall with deep respect Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, the then Gonoparishad Legislative Member Dharendra Nath Dutta and all the language activists. Their valour, organizing capacity and activeness helped the language movement reach its culmination.

The spirit of the language movement is rested in honouring others' languages and cultures being imbued with own language and tradition. We feel proud that Ekushey February is no longer a glory for the people of this land alone. Being 'International Mother Language Day' it is also a source of inspiration for the people of all languages. Let the people of the globe of all languages be united, let the world's almost defunct languages revive in their own communities - this is my expectation on this great 'Shaheed Day' and 'International Mother Language Day'.

I wish all the programmes in respect of the great 'Shaheed Day' and 'International Mother Language Day' a grand success.

Khoda Hafez, May Bangladesh Live Forever.

Md. Abdul Hamid



بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

০৯ ফাল্গুন ১৪২০
২১ ফেব্রুয়ারি ২০১৪

বাণী

মহান 'শহীদ দিবস' ও 'আন্তর্জাতিক মাতৃভাষা' দিবস উপলক্ষে আমি পৃথিবীর বিভিন্ন ভাষাভাষী মানুষকে আন্তরিক শুভেচ্ছা জানাই। সেই সাথে মহান ভাষা আন্দোলনের শহীদদের অম্লান স্মৃতির প্রতি আমি গভীর শ্রদ্ধা জানাই।

মহান ভাষা আন্দোলন আমাদের জাতীয় ইতিহাসের এক ঐতিহাসিক ও অতীব তাৎপর্যপূর্ণ ঘটনা। এ আন্দোলন ছিল আমাদের মাতৃভাষার অধিকার প্রতিষ্ঠার আন্দোলন এবং পাশাপাশি এটি ছিল আমাদের জাতিসত্তা ও সাংস্কৃতিক স্বাভাবিক রক্ষারও আন্দোলন। এ আন্দোলন অবিনাশী প্রেরণা হয়ে পরবর্তীকালে স্বাধিকার প্রতিষ্ঠায় আমাদেরকে শক্তি যুগিয়েছে। ১৯৭১ সালে সশস্ত্র সংগ্রামের মাধ্যমে আমরা অর্জন করেছি বহু কাঙ্ক্ষিত স্বাধীনতা। আজ অমর একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে আমি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করি মহান ভাষা আন্দোলনে আত্মোৎসর্গকারী ভাষা শহীদ বরকত, রফিক, সালাম, জব্বার, শফিউরসহ নাম না জানা শহীদদের। সেইসাথে আমি শ্রদ্ধাভরে স্মরণ করছি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তৎকালীন গণপরিষদ সদস্য ধীরেন্দ্রনাথ দত্তসহ সকল ভাষা সৈনিককে। তাঁদের সাহসিকতা, সাংগঠনিক ক্ষমতা ও সক্রিয়তার ফলেই ভাষা আন্দোলন চূড়ান্ত পরিণতি লাভ করে।

নিজস্ব ভাষা ও সংস্কৃতিতে ঋদ্ধ হয়ে অন্যের ভাষা ও সংস্কৃতিকে শ্রদ্ধা জানানোর মধ্যে নিহিত আছে ভাষা আন্দোলনের মূল চেতনা। আমরা গর্ববোধ করি এই ভেবে যে একুশে ফেব্রুয়ারি এখন আর এককভাবে এ দেশের অধিবাসীদের সম্পদ নয়, এটি এখন আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে বিশ্বের সকল ভাষাভাষীর প্রেরণার উৎস। মহান ভাষা দিবসে আজ পৃথিবীর সব ভাষাভাষী মানুষের সাথে যোগসূত্র স্থাপিত হোক, পৃথিবীতে লুপ্তপ্রায় ভাষাগুলো আপন মহিমায় নিজ নিজ সম্প্রদায়ের মধ্যে উজ্জীবিত হোক - এই কামনা করি।

আমি মহান 'শহীদ দিবস' ও 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উপলক্ষে গৃহীত সকল কর্মসূচির সাফল্য কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ